



জাতীয় মানবাধিকার কমিশন

বিটিএমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ওয়েবসাইট-www.nhrc.org.bd ই-মেইলঃ info@nhrc.org.bd

স্মারক নং-৫৫.১২.০০০০.১০৭.০৬.০১৩.১৯-১৮২০

তারিখ: ৫ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
১৮এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

সভার নোটিশ


গত ২০ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে অনুষ্ঠিত জাতীয় মানবাধিকার কমিশনের ১০৭ তম কমিশন সভার (৬ষ্ঠ কমিশনের ৮ম) কার্যবিবরণীর ৯ নম্বর অনুচ্ছেদে গৃহিত সিদ্ধান্ত অনুযায়ী ঢাকায় মানবাধিকার বিষয়ক একটি আন্তর্জাতিক সম্মেলন আয়োজন এবং জাতীয় মানবাধিকার দিবস, ২০২৪ উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতি গ্রহণ ও কর্মসূচি নির্ধারণের জন্য একটি বাস্তবায়ন কমিটি গঠন করা হয়।

২। উক্ত কমিটির ১ম সভা আগামী ২২ এপ্রিল, ২০২৪ তারিখ রোজ সোমবার বেলা ১১:০০ ঘটিকায় কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হবে। কমিশনের মাননীয় চেয়ারম্যান, ড. কামাল উদ্দিন আহমেদ উক্ত সভায় সভাপতিত্ব করবেন।

২। কমিশনের সকল সম্মানিত সদস্যকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচি:

- (১) ঢাকায় মানবাধিকার বিষয়ক আন্তর্জাতিক সম্মেলন: প্রণীত ধারণা পত্র (Concept paper)- এর বিষয়ে পর্যালোচনা, সম্মেলনের ভেন্যু নির্ধারণ, প্রধান অতিথি এবং দেশি ও বিদেশি অতিথিদের তালিকা প্রণয়ন, সম্ভাব্য বাজেট নির্ধারণ এবং সম্মেলনের সামগ্রিক ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা ও পরবর্তী করণীয় নির্ধারণ।
- (২) জাতীয় মানবাধিকার দিবস ২০২৪ উদযাপন: ভেন্যু নির্ধারণ, প্রধান অতিথি এবং অন্যান্য অতিথিদের নামের তালিকা প্রণয়ন, সম্ভাব্য বাজেট নির্ধারণ এবং জাতীয় মানবাধিকার দিবস উদযাপনের সামগ্রিক ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা ও পরবর্তী করণীয় নির্ধারণ।
- (৩) 'জাতীয় মানবাধিকার পুরস্কার'-প্রদানের নির্দেশিকা/নীতিমালার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ;
- (৪) বিবিধ: সারা বাংলাদেশে ২১৭টি গ্রামকে বাল্যবিবাহ মুক্ত ঘোষণার বিষয়ে জাতীয় কর্মসূচি গ্রহণ ও করণীয় নিয়ে আলোচনা।


সেবাষ্টিন রেমা
সচিব (যুগ্মসচিব)
ফোনঃ ৫৫০১৩৭১৬

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১. জনাব মোঃ আমিনুল ইসলাম, অবৈতনিক সদস্য, জাতীয় মানবাধিকার কমিশন।
২. জনাব কংজরী চৌধুরী, অবৈতনিক সদস্য, জাতীয় মানবাধিকার কমিশন।
৩. ড. বিশ্বজিৎ চন্দ, অবৈতনিক সদস্য, জাতীয় মানবাধিকার কমিশন।
৪. ড. তানিয়া হক, অবৈতনিক সদস্য, জাতীয় মানবাধিকার কমিশন।
৫. জনাব কাওসার আহমেদ, অবৈতনিক সদস্য, জাতীয় মানবাধিকার কমিশন।
৬. পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন।
৭. পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় মানবাধিকার কমিশন।
৮. উপপরিচালক-৫, জাতীয় মানবাধিকার কমিশন (কমিশনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. চেয়ারম্যানের একান্ত সচিব, জাতীয় মানবাধিকার কমিশন (মাননীয় চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. সার্বক্ষণিক সদস্যের ব্যক্তিগত সহকারী, জাতীয় মানবাধিকার কমিশন (মাননীয় সার্বক্ষণিক সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. অফিস কপি।